NEW YORK STATE | Department of Environmental Conservation

### কোথায় তথ্য পাওয়া যাবে

প্রকল্পের নথিপত্র দর্শন করুন ডিইসিতথ্য নির্দেশক ওয়েবসাইট: https://www.dec.ny.gov/data/DecDocs/C224311/ এর মাধ্যমে এবং নিম্নলিখিত স্থানসমূহে :

**ব্রুকলিন পাবলিক লাইব্রেরী - বরো পার্ক লাইব্রেরী ***
1265 43 স্ট্রীট
ব্রুকলিন, নিউইয়র্ক 11219
টেলিফোন: 718-437-4085

**ব্রুকলিন কমিউনিটি বোর্ড নং 12**
5910 13 এভিনিউ
ব্রুকলিন, নিউইয়র্ক 11219
টেলিফোন: 718-437-4085

(*কোভিড-19 সতর্কতার কারণে সংগ্রহস্থানসমূহ সাময়িকভাবে বন্ধ থাকতে পারে৷ আপনি যদি অনলাইন ডিইসিতথ্য নির্দেশক ওয়েবসাইটে প্রবেশ করতে না পারেন, তাহলে অনুগ্রহ করে সহায়তার জন্য নীচে তালিকাভুক্ত এনওয়াইএসডিইসি প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করুন৷)

### যোগাযোগের জন্য কর্তৃপক্ষ

মতামত এবং অনুসন্ধান সাদরে সমাদৃত এবং সেগুলো নিম্নলিখিত ব্যক্তির উদ্দেশ্যে করা বাঞ্ছনীয়:

**প্রকল্প সংশ্লিষ্ট প্রশ্নসমূহ**
স্টিভ ওয়ালশ, প্রকল্প ব্যবস্থাপক
এনওয়াইএসডিইসি
625 ব্রডওয়ে
আলবেনি, নিউইয়র্ক 12233
টেলিফোন: 518-402-9824
ইমেইল: steven.walsh@dec.ny.gov

**প্রকল্প সংশ্লিষ্ট স্বাস্থ্যবিষয়ক প্রশ্নসমূহ**
রুনি ঘোষ
এনওয়াইএসডিওএইচ
এম্পায়ার স্টেট প্লাজা
কর্নিং টাওয়ার, কক্ষ 1787
আলবেনি, নিউইয়র্ক 12237
টেলিফোন: 518-402-7860
ইমেইল: beei@health.ny.gov

**নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী (BCP) সম্পর্কিত আরও তথ্যের জন্য দেখুন:**
www.dec.ny.gov/chemical/8450.html

# তথ্য বিবরনী

**ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী**

**(Brownfield Cleanup Program)**

**1440-1460 39 স্ট্রীট**
**1440-1460 39 স্ট্রীট**
**ব্রুকলিন, নিউইয়র্ক 11218**

**সাইট নং C224311**

**সেপ্টেম্বর 2021**

**এনওয়াইএসডিইসি অঞ্চল**

## ব্রাউনফিল্ড সাইট দূষণের প্রস্তাবিত প্রতিকারকরন: জনসাধারনের মতামত প্রদানের সময়সীমা ঘোষণা করা হয়েছে

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (NYSDOH) এর সাথে পরামর্শক্রমে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট পরিবেশ সংরক্ষণ বিভাগ (NYSDEC) কর্তৃক নিউইয়র্কের ব্রুকলিন শহরের 1454 39 স্ট্রীট ঠিকানায় অবস্থিত 1440-1460 39 স্ট্রীট ভূমির (" site") সাথে সম্পর্কিত দূষণ সমস্যা সমাধাকল্পে প্রস্তাবিত প্রতিকারসমূহ পর্যালোচনা করা হচ্ছে (সাইটের অবস্থানের ম্যাপ দেখুন)। দূষণের প্রস্তাবিত প্রতিকারকরণ এর উপর জনসাধারনকে মতামত প্রদানের জন্য আমন্ত্রন জানানো হয়েছে।

তদন্তের ফলাফলের ভিত্তিতে, নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (NYSDOH) এর সাথে পরামর্শ করে নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ (NYSDEC) নির্ধারণ করেছে যে জায়গাটি জনস্বাস্থ্য বা পরিবেশের জন্য উল্লেখযোগ্য হুমকি সৃষ্টি করে না ।

**মতামত প্রদানের উপায়:** "খসড়া প্রতিকারকরণ কর্মপরিকল্পনা (RAWP)" শিরোনামে NYSDEC প্রস্তাবিত পরিকল্পনাটির উপর **1 সেপ্টেম্বর 16 অক্টোবর 20 21 পর্যন্ত** 45 দিনের জন্য লিখিত মতামত গ্রহণ করা হচ্ছে।

- ডিইসিতথ্য নির্দেশক ওয়েবসাইট https://www.dec.ny.gov/data/DecDocs/C224311/ এ RAWP এবং প্রকল্পের অন্যান্য নথিপত্রগুলি সন্ধান করুন।
- বাম দিকে চিহ্নিত "কোথায় তথ্য পাওয়া যাবে" শিরোনামের অধীনে নথিপত্রগুলি পাওয়া যাবে ।
- বাম দিকে চিহ্নিত "যোগাযোগের জন্য কর্তৃপক্ষ" শিরোনামের অধীনে 'প্রকল্প সংশ্লিষ্ট প্রশ্নসমূহ' এর নীচে উল্লেখিত NYSDEC প্রকল্প ব্যবস্থাপকের কাছে অনুগ্রহ করে মতামত উপস্থাপন করুন।

**খসড়া প্রতিকারকরণ কর্মপরিকল্পনা :** প্রস্তাবিত আবাসিক ব্যবহারের প্রতিকারের মধ্যে রয়েছে:

- পূর্ববর্তী সাময়িক প্রতিকার ব্যবস্থার অধীনে পরিচালিত খননের কার্যকারিতা মূল্যায়নের জন্য চূড়ান্ত পর্যায়ে মাটির নমুনা সংগ্রহ এবং বিশ্লেষণ ;
- আবাসিক ব্যবহারের মৃত্তিকা পরিষ্করণ অভিলক্ষ (RSCO) এর লক্ষ্যমাত্রার উপর অতিরিক্ত দূষণ মোকাবেলায় হার্ডস্কেপ (বিল্ডিং, অ্যাসফাল্ট বা কংক্রিট) ছাড়া সীমানির্ধারিত স্তর সহ একটি কভার সিস্টেম স্থাপন;
- খননকৃত ভূমি পুনঃভর্তিকরনের নিমিত্তে মৃত্তিকা পরিষ্করণ অভিলক্ষ (SCO) এর প্রতিষ্ঠিত উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ন পরিচ্ছন্ন উপাদান আমদানি করা;
- সকল প্রকার ভূমি হস্তক্ষেপ কার্যক্রমের সময় স্বাস্থ্য ও নিরাপত্তা পরিকল্পনা এবং কমিউনিটি বায়ু পর্যবেক্ষন পরিকল্পনা বাস্তবায়ন করা;
- RSCO এর অভিলক্ষ পূরণ না হলে প্রতিকার ব্যবস্থাগুলির দীর্ঘমেয়াদী রক্ষণাবেক্ষণের জন্য সাইট ম্যানেজমেন্ট প্ল্যান (এসএমপি) বাস্তবায়নেরও প্রয়োজন হবে ।
- RSCO এর অভিলক্ষ পূরণ না হলে ভূমির যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য একটি পরিবেশগত সংরক্ষন শর্ত (Environmental Easement) লিপিবদ্ধ করতে হবে।

SnL XXII, LLC (" আবেদনকারী ") কর্তৃক নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী (BCP)-র অধীনে উক্ত সাইটের বিস্তারিত তদন্ত করার পর প্রস্তাবিত প্রতিকারকরন তৈরি করা হয়েছিল। একটি "প্রতিকারমূলক তদন্ত প্রতিবেদন", যা সাইট তদন্তের ফলাফল বর্ণনা করে জমা দেওয়া হয়েছিল, সেটাও পর্যালোচনার জন্যও পৃষ্ঠা 1 এ উল্লেখিত স্থানে পাওয়া যাবে।

**পরবর্তী পদক্ষেপ:** NYSDEC জনসাধারণের মন্তব্য বিবেচনা করবে, প্রয়োজন অনুযায়ী পরিচ্ছন্নতার পরিকল্পনা সংশোধন করবে এবং চূড়ান্ত সিদ্ধান্ত পত্র জারি করবে। NYSDOH-কে অবশ্যই প্রস্তাবিত প্রতিকারের সাথে একমত হতে হবে। অনুমোদনের পরে, প্রস্তাবিত প্রতিকারকরন নির্বাচিত প্রতিকারকরন হিসাবে বিবেচিত হবে। তারপর NYSDEC এবং NYSDOH এর তত্ত্বাবধানে আবেদনকারী সাইটের দূষণ মোকাবেলার জন্য পরিচ্ছন্নতা কর্মকান্ড পরিকল্পনা এবং কার্যকর করতে পারেন।

তদন্ত এবং সাইট পরিচ্ছন্নতা চলাকালীন সার্বক্ষণিক NYSDEC জনসাধারণকে অবহিত রাখবে।

**সাইটের বর্ণনা:** সাইটটি 0.57-একর জমির উপর অবস্থিত, এবং উত্তরে 39 তম রাস্তা, দক্ষিণে আবাসিক সম্পত্তি দ্বারা এবং পূর্ব ও পশ্চিমে বাণিজ্যিক সম্পত্তি এবং গুদাম দ্বারা পরিবেষ্টিত। বর্তমানে একটি অনুমোদিত সাময়িক প্রতিকার বিধান (IRM) এর আওতায় সেখানে খনন কাজ চলছে। ইতিপূর্বে সাইটটি গ্যারেজ এবং অটো মেরামতের স্থাপনা হিসাবে ব্যবহৃত হয়েছিল। সাইটটিকে চারতলা স্ব-সংরক্ষনাগার সুবিধা হিসেবে পুনর্নির্মাণের পরিকল্পনা করা হয়েছে।

পরিবেশগত ও স্বাস্থ্য মূল্যায়নের সারসংক্ষেপ সহ সাইট সম্পর্কিত অতিরিক্ত বিস্তারিত বিবরণ, NYSDEC এর পরিবেশগত সাইট প্রতিকারকরন ডাটাবেসে পাওয়া যাবে (সাইট ID: C 224311 পূরন করে):

https://www.dec.ny.gov/cfmx/extapps/derexternal/index.cfm?pageid=3

**তদন্তের সংক্ষিপ্তসার:** উক্ত সাইটে উদ্বেগজনক প্রাথমিক দূষণকারী হলো পেট্রোলিয়াম জাতীয় আংশিক পরিবর্তনশীল জৈব যৌগসমূহ (SVOCs) যা সাইটব্যাপী মাটির পৃষ্ঠতল থেকে প্রায় 4 ফুট পর্যন্ত মাটির গভীরে এবং ধাতু যা সাইটব্যাপী মাটির প্রায় 14 ফুট গভীরে বিদ্যমান।

**ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী (BCP) :** নিউইয়র্কের ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী "ব্রাউনফিল্ডস" নামে পরিচিত দূষিত সম্পত্তির স্বতঃপ্রবৃত্ত পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমকে উৎসাহিত করে যাতে সেগুলি পুনঃব্যবহার এবং পুনঃউন্নয়ন করা যায়। এই ধরনের পুনঃব্যবহারে বিনোদন, আবাসন, ব্যবসা বা অন্যান্য সুবিধা অন্তর্ভুক্ত থাকতে পারে।

ব্রাউনফিল্ড সাইট হল এমন কোন ভূ-সম্পত্তি যেখানে বিদ্যমান দূষক মাটির এমন স্তরে উপস্থিত থাকে যা পরিচ্ছন্নতার লক্ষ্যমাত্রা বা অন্যান্য স্বাস্থ্য-ভিত্তিক বা পরিবেশগত মানদন্ড, ডিইসি কর্তৃক গৃহীত শর্তাবলী বা নির্দেশনা অতিক্রম করে, যেগুলো সম্পত্তির যুক্তিসঙ্গত প্রত্যাশিত ব্যবহারের ভিত্তিতে প্রযোজ্য প্রবিধান অনুযায়ী গৃহীত হয়েছে।

বিসিপি সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন:

https://www.dec.ny.gov/chemical/8450.html

***প্রতিবেশী এবং ভাড়াটিয়াদের সাথে এই তথ্য বিবরনীটি বিনিময় করতে আমরা আপনাকে উৎসাহিত করি এবং/অথবা অন্যদের দেখার জন্য আপনার ভবনের একটি দৃষ্টিগ্রাহ্য স্থানে এই তথ্য বিবরনীটি লাগিয়ে দিন।***

**ডিইসি বার্তা বিতরন বিষয়ে অবগত থাকুন**

ইমেলের মাধ্যমে সাইট আপডেট পেতে সাইন আপ করুন:
www.dec.ny.gov/chemical/61092.html

দ্রষ্টব্য: যদি আপনি ইতিমধ্যে সাইন আপ করে থাকেন এবং এই তথ্য বিবরনীটি ইলেক্ট্রনিক মাধ্যমে পেয়ে থাকেন তাহলে দয়া করে উপেক্ষা করুন।

**ডিইসিতথ্য নির্দেশক**

ডিইসি নথি এবং নির্দিষ্ট স্থানের পরিবেশেগত মান সম্পর্কিত উন্মুক্ত ডাটা দর্শন করার জন্য ইন্টারেক্টিভ মানচিত্র : https://www.dec.ny.gov/pubs/109457.html

# ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী

**সাইটের অবস্থান**

